গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬০.১৯-৬২

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ ব.
২৬ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত নির্দেশনার আলোকে পিটিশনার জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব মো: রোস্তম আলী-কে চাকুরী হতে বরখাস্ত করার ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র:
(১) জেলা প্রশাসক, শেরপুর ও সভাপতি, কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা'র স্মারক নং-কু/তে/ফা/ম/০১/২১/১৪/শেরপুর, তারিখ: ২১/০৫/২০১৪ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৬.০১.২২৬.১৫-৬১১, তারিখ: ২৯/১১/২০১৫ খ্রি.
(৩) জেলা প্রশাসক, শেরপুর ও সভাপতি, কুমরী তেঘরিয়া ফা: মাদ্রাসা'র স্মারক নং- ০৫.৩০.৮৯০০.০০৬.১৮.০৩০.২০১৫-৯৫৭ তারিখ: ২২/১২/২০১৫খ্রি.
(৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৭.১৮-১৩৫, তারিখ: ২৩/০৫/২০১৯ খ্রি.
(৫) জনাব মো: রোস্তম আলী, প্রভাষক (ইংরেজি), কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা, সদর, শেরপুর এর আবেদন, তারিখ: ১০/১০/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমুহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: রোস্তম আলী, প্রভাষক (ইংরেজি) গত ২১/০৫/২০১৪ তারিখে শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরী তেঘরিয়া ফাযিল মাদ্রাসা-এর সভাপতি ও জেলা প্রশাসক, শেরপুর কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালনের জন্য সূত্রোক্ত (১) নং পত্রমূলে আদেশপ্রাপ্ত হন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনরত অবস্থায় জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে প্রতারণা, জাল সনদ, জালিয়াতি ও অনিয়মের কারণে তার বেতন-ভাতাদি বন্ধ ও বরখাস্তকরণসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি-কে নির্দেশনা দিয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে গত ২৯/১১/২০১৫ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে পত্র জারি করা হয়।

২। উক্ত পত্রের প্রেক্ষিতে বর্ণিত প্রতিষ্ঠানের সহকারী অধ্যাপক, জনাব মো: ছামিউল হক এর নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য জনাব মো: রোস্তম আলীকে নির্দেশনা দিয়ে প্রতিষ্ঠানের সভাপতি ও জেলা প্রশাসক, শেরপুর কর্তৃক ২২/১২/২০১৫ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পত্র জারি করা হয়। ফলে জনাব মো: রোস্তম আলী কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/২০১৫ তারিখের সূত্রোক্ত (২) নং পত্রের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলা দায়ের করা হয়।

৩। মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং- ১৩৬৭৫/২০১৫ মামলায় ২৩/১২/২০১৫ তারিখের শুনানী শেষে শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/২০১৫ তারিখের ৬১১ সংখ্যক পত্রের কার্যক্রম ০৩ (তিন) মাস স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রিট মামলার গত ২৪/০৭/২০১৭ তারিখে ঘোষিত রায়/আদেশের অংশবিশেষ নিম্নরূপ-

"Accordingly, the Rule is discharged. The Registrar, High Court Division, Bangladesh Supreme Court is hereby directed to cause a petition of complaint filed under section 476 read with section 195 of the Code of Criminal Procedure against the petitioner through a Court Keeper of this Court within 7 (seven) days from the date of receipt of a copy of this judgment.

The interim order of stay granted earlier by this Court by this time expired. However, the same is deemed to have been recalled and vacated".

৪। মহামান্য আদালতের উক্ত রায়ের নির্দেশনা অনুযায়ী জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে মুখ্য মহানগর হাকিম আদালতে সি.আর কেস নং-৩৯/২০১৮ দায়ের করা হয়েছে মর্মে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) বরারব ডিএমই হতে ২৩/০৫/২০১৯ তারিখে প্রেরিত সূত্রোক্ত (৪) নং পত্র হতে প্রতীয়মান হয়।

৫। পরবর্তীতে জনাব মো: রোস্তম আলী কর্তৃক রিট পিটিশন নং- ১৩৬৭৫/২০১৫ মামলার ২৩/১২/২০১৫ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ নং-৭৫৮/২০১৮ দায়ের করা হয়। উক্ত সিপিএলএ মামলাটি মঞ্জুরকরত: মাননীয় আপীল আদালত কর্তৃক গত ২৯/৭/২০১৯ তারিখে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশের অংশবিশেষ নিম্নরূপ-

"Further proceeding of C.R Case No. 39 of 2018 pending before the 4th Court of Chief Metropolitan Magistrate-3, Dhaka be stayed till disposal of the appeal.

৬। সিপিএলএ নং-৭৫৮/২০১৮ মামলার উক্ত অন্তবর্তীকালীন আদেশের কপি সংযুক্ত করে বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানসহ ফেব্রুয়ারি/২০১৮ হতে সেপ্টেম্বর/২০১৯ মাস পর্যন্ত ২০ (বিশ) মাস বন্ধ রাখা বেতন-ভাতা (এমপিও) প্রদানের নির্দেশনা প্রদানের জন্য জনাব মো: রোস্তম আলী কর্তৃক সচিব, টিএমইডি বরারব সূত্রোক্ত (৫) নং আবেদন দাখিল করা হয়।

৮। যেহেতু পিটিশনারের বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রমাণিত হওয়ায় পিটিশনারের রুলটি খারিজ করে পিটিশনারের বিরুদ্ধে নিম্ন আদালতে সি.আর কেস দায়েরের জন্য কোর্ট কিপারের বরাবর নির্দেশনা প্রদান করা হয়েছে এবং সি.আর কেস দায়েরও করা হয়েছে (যার নম্বর ৩৯/২০১৮), যা এখনো চলমান রয়েছে এবং পিটিশনার কর্তৃক দায়েরকৃত সিপিএলএ নং-৭৫৮/২০১৮ মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশে যেহেতু জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে কোন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে না মর্মে কোন নির্দেশনাও প্রদান করা হয়নি, সেহেতু তাঁকে (জনাব মো: রোস্তম আলী-কে) জালিয়াতির কারণে চাকুরী হতে বরখাস্তকরণের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

চলমান পাতা নং-০২

৯। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত নির্দেশনার আলোকে পিটিশনার জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে পিটিশনার কর্তৃক দায়েরকৃত সিপিএলএ নং-৭৫৮/২০১৮ মামলার ২৯/৭/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশে পিটিশনার এর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উপর কোন নিষেধাজ্ঞা না থাকায় উক্ত জালিয়াতির অভিযোগে শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরী তেঘরিয়া ফাযিল মাদ্রাসা'র প্রভাষক (ইংরেজি) জনাব মো: রোস্তম আলী-কে চাকুরী হতে বরখাস্ত করার ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামি ১০/০২/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৭.১৮- ৫৮

তারিখ: ১৩.০২.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে (প্রমাণকসহ) তা আগামী ২৭.০২.২০২০ খ্রি: তারিখের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য মহোদয়গণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

13.02.2020
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০১. সভাপতি
কুমরি তেঘরিয়া ফাযিল মাদ্রাসা
ডাক: চৈতাজানী, উপজেলা: শেরপুর সদর, জেলা: শেরপুর।

০২. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কুমরি তেঘরিয়া ফাযিল মাদ্রাসা।
ডাক: চৈতাজানী, উপজেলা: শেরপুর সদর, জেলা: শেরপুর।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর।
০৩. জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর, শেরপুর।
০৫. জনাব মো: রোস্তম আলী, প্রভাষক (ইংরেজী),কুমরি তেঘরিয়া ফাযিল মাদ্রাসা, ডাক: চৈতাজানী, উপজেলা: শেরপুর সদর, জেলা: শেরপুর।
০৬. অফিস কপি।